

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 16-10-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন বলেছেন, গ্রামের প্রতিটি মানুষকে আর্থিক প্রতারণার হাত থেকে রক্ষা করতে হলে তাদের সচেতন করে তুলতে হবে।
- (২) প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্যে টেট সহ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে স্বচ্ছতার সঙ্গে সরকারি চাকুরি দেওয়া হচ্ছে।
- (৩) প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদী আজ অন্তর্প্রদেশের কুরুলে প্রায় ১৩ হাজার ৪৩০ কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন, ভিত্তিপ্রস্তর স্থাপন এবং জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেছেন।
- (৪) কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান উত্তরপূর্বাঞ্চলে PMGSY এর উন্নয়নমূলক কাজ আরও জোরদার করার নির্দেশ দিয়েছেন।
- (৫) কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে ত্রিপুরা ও মধ্যপ্রদেশের মধ্যে চারদিনের খেলা আজ থেকে জৰুরপূরে শুরু হয়েছে।

SEBI :

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন বলেছেন, গ্রামের প্রতিটি মানুষকে আর্থিক প্রতারণার হাত থেকে রক্ষা করতে হলে তাদের আর্থিক ভাবে সাক্ষর ও সচেতন করে তুলতে হবে। পঞ্চায়েতি রাজ মন্ত্রক ও সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইণ্ডিয়া বা সেবি-র যৌথ উদ্যোগে আজ আগরতলায় দুদিনব্যাপী আর্থিক সাক্ষরতা কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, আর্থিক সচেতনতা কেবলমাত্র ব্যক্তিগত দক্ষতা নয়, তার সামাজিক প্রয়োজনীয়তা অনেক বেশি। ত্রিপুরার মত ছোট রাজ্যে যেখানে অধিকাংশ মানুষ গ্রামীণ এলাকায় বসবাস করেন, সেখানে আর্থিক সচেতনতা মানুষকে প্রতারণার হাত থেকে রক্ষা করার পাশাপাশি সঠিক বিনিয়োগের

অভ্যাস গড়ে তুলতে সাহায্য করবে। তিনি আরো বলেন এই ধরনের কর্মশালা গ্রামীণ এলাকার মানুষের জীবন যাত্রার মান উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে। তাতে গ্রামীণ মানুষ আর্থিক সঞ্চয়ের ক্ষেত্রেও সঠিক দিশা দেখবে। উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে এই প্রথম এই ধরনের কর্মশালা আয়োজন করা হয়েছে বলে তিনি জানান। কর্মশালায় বক্তব্য রাখেন বিধায়ক প্রমোদ রিয়াং, সেবির কার্যনির্বাহী পরিচালক সুনীল জয়ন্ত কদম, পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে। দুদিনের এই কর্মশালায় ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ, বি.এ.সি চেয়ারম্যান ও সদস্যগণ সহ ১৫০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। আর্থিক সাক্ষরতার মৌলিক ধারণা, সাইবার প্রচারণা থেকে সুরক্ষা, গ্রামীণ জীবিকা ভিত্তিক কর্মসূচি ও জনগনকে আর্থিকভাবেও সচেতন করে তোলার বিষয়ে এই কর্মশালায় বিস্তারিত আলোচনা হবে।

Minister Sudhangshu Das :

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্যে টেট সহ প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে স্বচ্ছতার সঙ্গে সরকারি চাকুরি দেওয়া হচ্ছে। আজ উনকোটি জেলার ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আয়োজিত এক আলোচনাচক্রের উদ্বোধন করে তিনি একথা বলেন। আলোচনাচক্রের বিষয় ছিল, "সরকারি অফিসে দুর্বীতি ও অপশাসনের বিরুদ্ধে ত্রিপুরা লোকায়ুক্তের ভূমিকা।" ত্রিপুরা লোকায়ুক্ত ডাঃ বিভাস কাণ্ঠি কিলিকদার বলেন, লোকায়ুক্ত একটি স্বাধীন ও সাংবিধানিক সংস্থা। জনপ্রতিনিধি, সরকারি কর্মচারীর বিরুদ্ধে অনিয়ম বা দুর্বীতির অভিযোগ জানানোর এক বিধিবদ্ধ সংস্থা। বক্তব্য রাখেন, প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস, ত্রিপুরা লোকায়ুক্ত এর সহকারী নিয়ামক বিদ্যুৎ কুমার রায়, ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক কৃষ্ণরঞ্জন পাল প্রমুখ।

Diwali Mela-Udaipur :

আগামী ২০শে অক্টোবর থেকে ত্রিপুরা সুন্দরী মায়ের মন্দিরে শুরু হবে তিনদিনব্যাপী দীপাবলি মেলা। এই মেলাকে কেন্দ্র করে প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আজ মেলা প্রাঙ্গণের নিরাপত্তা সহ যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখতে মন্দির চতুর্ভুক্ত পরিদর্শন করেন গোমতী জেলা পুলিশ সুপার ডঃ কিরণ কুমার কে। পরিদর্শন শেষে তিনি জানান, আড়াই হাজারেরও বেশি আরক্ষা কর্মীকে মেলায় নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত করা হবে। তার মধ্যে রাজ্য পুলিশ ছাড়াও থাকবেন টি.এস.আর ও সি.আর.পি.এফ জওয়ানরা। তাছাড়া নিরাপত্তা সুনির্ণিত করার জন্য, ৩৭টি সি..সিটি.ভি ক্যামেরা, ২৮টি ড্রপ গেট, ৮টি পুলিশ সহায়তা কেন্দ্র এবং ১০টি ওয়াচ টাওয়ারের ব্যবস্থা করা হয়েছে।

Poshan Maah-Sepahijala :

রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপনের অঙ্গ হিসেবে আজ সিপাহীজেলা জেলার মেলাঘর ICDS প্রকল্প ও TULM-এর যৌথ উদ্যোগে এক সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে এলাকার গর্ভবতী মা ও শিশুদের পাশাপাশি অংশ গ্রহণ করেন অঙ্গনওয়াড়ি কর্মী-সহায়িকা, আশাকর্মী ও TULM-এর অন্তর্ভুক্ত স্ব-সহায়ক দলের মহিলারা। তাদের সামনে গর্ভবতী মা ও শিশুর পুষ্টির বিষয়ে বিস্তারিত আলোচনা করেন উপস্থিতি বিশেষজ্ঞরা। মেলাঘর জয়চন্দ্র বালোমন্দিরে আয়োজিত এই আলোচনা সভায় উপস্থিতি ছিলেন DCM অনীশ দেবগনাথ, মেলাঘর ICDS প্রকল্পের সুপারভাইজার দীপক্ষী চক্রবর্তী, TULM-এর সিটি মিশন ম্যানেজার অভিজিৎ দাস প্রমুখ।

PVC Ration Card :

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ লক্ষামুড়া ১ নম্বর ওয়ার্ডের অন্তর্গত কমিউনিটি হলে ভোকাদের মধ্যে স্মার্ট পিভিসি রেশন কার্ড প্রদান করেন। তিনি বলেন, রাজ্য সরকারের উদ্যোগে রেশন ব্যবস্থায়

আমূল পরিবর্তন এসেছে। তিনি স্মার্ট পিভিসি রেশন কার্ডের সুবিধাগুলি তুলে ধরেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte# # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটিস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM, Andhra Pradesh :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্ধ্রপ্রদেশের কুর্নুলে প্রায় ১৩ হাজার ৪৩০ কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন, ভিত্তিপ্রস্তর স্থাপন এবং জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। প্রকল্পগুলি শিল্প, বিদ্যুৎ, সড়ক, রেলপথ, প্রতিরক্ষা উৎপাদন এবং পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস সহ গুরুত্বপূর্ণ ক্ষেত্র সম্পর্কিত। কুর্নুলে এক সমাবেশে, প্রধানমন্ত্রী পরিষ্কার শক্তি এবং বিদ্যুৎ ক্ষেত্রে ভারতের দ্রুত অগ্রগতির চিত্র তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে বিদ্যুৎ এখন প্রতিটি গ্রামে পৌঁছেছে এবং মাথাপিছু বিদ্যুৎ ব্যবহার বেড়ে ১,৪০০ ইউনিটে পৌঁছেছে। তিনি বলেন যে এই ধরনের সাফল্য জ্বালানি ক্ষেত্রে নতুন মানদণ্ড স্থাপন করছে।

Byte-PM# # #

তিনি বলেন যে রায়ালসীমা এবং বৃহত্তর অঞ্চলের উন্নয়ন দেশের সামগ্রিক অগ্রগতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি জিএসটি সংস্কারের ফলে রাজ্যের আর্থিক সুবিধার উল্লেখ করে বলেন, এরফলে ৮,০০০ কোটি টাকারও বেশি সাম্রাজ্য হবে বলে আশা করা হচ্ছে। অঞ্চলপ্রদেশের প্রযুক্তিগত অগ্রগতির কথা তুলে ধরে, শ্রী মোদী কুর্নুকে ভারতের ড্রোন হাব হিসেবে প্রতিষ্ঠার জন্য রাজ্যের প্রচেষ্টার প্রশংসা করেন। অপারেশন সিল্দুরের সাফল্যের কথা উল্লেখ করে তিনি বলেন, ড্রোন শিল্প বেশ কয়েকটি ভবিষ্যতমুখী ক্ষেত্রের দরজা খুলে দেবে। প্রধানমন্ত্রী বিশ্বাস ব্যক্ত করেন যে, ২০৪৭ সালের মধ্যে, যখন ভারত স্বাধীনতার ১০০ বছর উদযাপন করবে, তখন দেশ সত্যিকার অর্থে বিকশিত ভারত হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু এবং উপ-মুখ্যমন্ত্রী পবন কল্যাণও উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী আজ সকালে অঞ্চলপ্রদেশে একদিনের সফরে গিয়ে প্রথমেই শ্রীশাইলমের শ্রী ব্রহ্মরঞ্জন মল্লিকার্জুন স্বামী ভার্লা দেবস্থানমে প্রার্থনা করেন।

Shivraj Singh Chouhan PMGSY :

কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ নতুনদিল্লিতে এক উচ্চ পর্যায়ের বৈঠকে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা, PMGSY এর অগ্রগতি পর্যালোচনা করেছেন। এক বিবৃতিতে মন্ত্রক জানিয়েছে, বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রীকে PMGSY-এর রাজ্যভিত্তিক অগ্রগতি সম্পর্কে অবহিত করা হয় এবং সভায় ছত্রিশগড় সহ উত্তরপূর্বাঞ্চলের রাজ্য এবং বামপন্থী চরমপন্থা প্রভাবিত অঞ্চলগুলির উপর বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়। শ্রী চৌহান উত্তরপূর্বাঞ্চলে উন্নয়নমূলক কাজ আরও জোরদার করার জন্য কর্মকর্তাদের নির্দেশ দেন এবং আরও বলেন যে তিনি শীঘ্রই এই অঞ্চলে একটি পর্যালোচনা সভায় সভাপতিত্ব করবেন। তিনি কর্মকর্তাদের কাজের গতি স্বরাষ্ট্রিত করতে এবং রাজ্য সরকারের সঙ্গে সমন্বয় রেখে যেকোনো সমস্যা দ্রুত সমাধানের নির্দেশ দেন। তিনি বলেন যে, অন্তর্ভুক্তিমূলক গ্রামীণ উন্নয়নকে সমর্থন করে এমন সুস্থায়ী পরিকাঠামো নিশ্চিত করতে, সমস্ত সড়ক নির্মাণ প্রকল্প উচ্চমানের হতে হবে এবং নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে হবে।

সভায় এই বছরের ডিসেম্বরে দেশব্যাপী PMGSY-এর ২৫তম বার্ষিকী উদযাপনের পরিকল্পনা নিয়েও আলোচনা করা হয়। শ্রী চৌহান PMGSY-কে একটি ঐতিহাসিক উদ্যোগ হিসেবে উল্লেখ করে বলেন এটি গ্রামীণ ভারতে রূপান্তরমূলক পরিবর্তন এনেছে।

Ashwini Vaishnaw :

রেলমন্ত্রী অশ্বিনী বৈঞ্চো বলেছেন যে, যাত্রীদের সুযোগ-সুবিধা বৃদ্ধির উপর বিশেষ মনোযোগ দিয়ে রেল ক্ষেত্রকে রূপান্তরিত করার জন্য সরকার বেশ কয়েকটি উদ্যোগ নিয়েছে। শ্রী বৈঞ্চো আজ জয়পুরের থাটিপুরা রেলওয়ে স্টেশনে বিভিন্ন যাত্রী সুবিধার উন্নোধন করেন। এই উপলক্ষে, মন্ত্রী এসি কোচে ভ্রমণকারী যাত্রীদের জন্য মুদ্রিত কম্বলের কভার ঢালু

Byte- Ashwini Vaishnaw#####

Jitendra Chowdhury :

টি.ওয়াই.এফ কেন্দ্রীয় কমিটির উদ্যোগে আজ আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে দশরথ দেব স্মারক বৃক্তি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিরোধী দলনেতা বিধায়ক জিতেন্দ্র চৌধুরী দেশের বর্তমান রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশিষ্ট ভাষাবিদ ডঃ বুধরায় দেববর্মা, আইনজীবী পুরুষোত্তম রায় বর্মণ প্রমুখ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন কৌশিক রায় দেববর্মা।

Sushth Nari Swashakt Paribar-Dhalai :

সুস্থ নারী, সশক্ত পরিবার এবং পোষন মাস অভিযানের অঙ্গ হিসাবে আজ কমলপুর মহকুমার সালেমা ব্লকে টি আর এল এমের অধীন সমস্ত স্ব-সহায়ক দলের সদস্যদের নিয়ে এক সেমিনারের আয়োজন করা হয়।

উদ্বোধন করেন বিধায়ক স্বপ্না দাস পাল। তিনি বলেন, পরিবারে মায়েদের সর্ঠিক যন্ত্র একটি পরিবারকে সমৃদ্ধ করে তুলতে পারে। সেই কারণে মায়েদের পাশাপাশি শিশুদের সময় সময়ে পুষ্টিকর থাবার খাওয়াতে হবে। তিনি বাল্যবিবাহ রোধে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। উপস্থিতি ছিলেন সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিলা বিশ্বাস, সালেমা ব্লকের বিডিও অভিজিৎ মজুমদার প্রমুখ।

CK Naidu :

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে ত্রিপুরা ও মধ্যপ্রদেশের মধ্যে চারদিনের খেলা আজ থেকে জৰুলপূরে শুরু হয়েছে। নিমখাড়েতে টসে জিতে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ২৪৯ রান করে। রাজ্যদলের পক্ষে সপ্তজিৎ দাস ৯৮ ও আনন্দ ভৌমিক ৬৩ রান করে।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস।
